

PRINT

# সমকাল

## তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা এখনই বাতিল নয়

১৩ ঘণ্টা আগে

### বিশেষ প্রতিনিধি

প্রাক-প্রাথমিক স্তর থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত প্রচলিত পরীক্ষা পদ্ধতি এখনই উঠিয়ে নেওয়া হচ্ছে না। কী পদ্ধতিতে শিশুশিক্ষার্থীদের মেধা মূল্যায়ন করা হবে, তা চূড়ান্ত করার পর তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা বাতিলের ব্যাপারে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত নেবে।

মন্ত্রণালয়টির সচিব আকরাম-আল-হোসেন গতকাল রোববার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। ওই সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এফ এম মঞ্জুর কাদিরও উপস্থিত ছিলেন।

সম্প্রতি শিশুদের ওপর শিক্ষার চাপ কমাতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশনা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর প্রাক-প্রাথমিক স্তর থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা পদ্ধতি বাতিলের বিষয়টি আলোচনায় উঠে আসে। গতকালের সংবাদ সম্মেলনে সচিব আকরাম-আল-হোসেন জানান, মাঠপর্যায়ে এখনও এ সংক্রান্ত কোনো নির্দেশনা দেওয়া হয়নি। পরীক্ষা তুলে দেওয়ার পর প্রথম থেকে তৃতীয় শ্রেণির শিক্ষার্থীদের কোন পদ্ধতিতে মূল্যায়ন করা হবে, তা ঠিক করতে এনসিটিবিকে (জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড) সুপারিশপত্র তৈরি করতে বলা হয়েছে। ওই সুপারিশপত্রের আলোকে শিক্ষক, কর্মকর্তা, শিক্ষাবিদ ও অভিভাবকদের নিয়ে একটি কর্মশালা করে মূল্যায়ন পদ্ধতি প্রণয়ন করার পর মাঠপর্যায়ে এ সংক্রান্ত নির্দেশনা পাঠানো হবে বলে জানান সচিব। তিনি আরও জানান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এনসিটিবি এরই মধ্যে এ নিয়ে কাজ শুরু করেছে। তবে কবে নাগাদ এ প্রক্রিয়া সম্পন্ন হবে, সে ব্যাপারে কোনো ধারণা না দিয়ে সচিব বলেন, সময়মতো জানানো হবে। সবকিছু চূড়ান্ত হওয়ার পর তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা তুলে দিলেও চতুর্থ শ্রেণির চূড়ান্ত পরীক্ষা এবং প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা চলবে বলেও জানান সচিব।

জানতে চাইলে এ প্রসঙ্গে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. আকরাম-আল-হোসেন সমকালকে বলেন, তৃতীয় শ্রেণি পর্যন্ত শিশুশিক্ষার্থীদের কীভাবে মূল্যায়ন করা হবে, শিগগিরই একটি কর্মশালার মাধ্যমে তা চূড়ান্ত করা হবে। এ ছাড়া প্রথম শ্রেণিতে ভর্তির আগে প্রাক-প্রাথমিক শ্রেণি চালু রয়েছে। প্রাক-প্রাথমিকের সময়কাল এক বছর

থেকে বাড়িয়ে দুই বছর করার পরিকল্পনা রয়েছে সরকারের। এর আগে সম্প্রতি সমকালের সঙ্গে আলাপকালেও সচিব বলেন, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রথম থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা পদ্ধতি রাখা হবে না।

গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, আগামী শিক্ষাবর্ষ থেকেই তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা পদ্ধতি তুলে নেওয়া হবে। তৃতীয় শ্রেণি পর্যন্ত বিদ্যালয়ে উপস্থিতির হার এবং ডায়েরিতে শিক্ষকের মন্তব্য দেখে শিক্ষার্থীদের মূল্যায়ন করা যেতে পারে। অথবা শিক্ষাবিদ এবং সংশ্লিষ্টদের মতামতের ভিত্তিতে প্রক্রিয়া চূড়ান্ত করে গেজেট জারি করা হবে। কিভার গার্টেন থেকে শিশুদের সরকারি বিদ্যালয়মুখী করতেই প্রাক-প্রাথমিকের সময়কাল দুই বছর করার প্রক্রিয়া চলছে জানিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, শিগগিরই এ বিষয়ে নির্দেশনা জারি করা হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com